

## মনের মানুষ (Lover)

©Deepak Sarkar, Written May 1999, Redwood Shores, CA

মনের মানুষকে যখন কাছে পেলাম -  
তখন একটু বেশী দেরী হয়ে গেছে ।  
তখন আমি বিবাহিত, সে ও বিবাহিতা -  
আমার চুলে পাক ধরেছে, সে তখন সবুজ তারুণ্যে ভরপুর ।

প্রথমে শুধু ভালো লেগেছিল তাকে -  
পরে তার কথা বলার কায়দা ।  
তারপর চোখের চাউনি আর নৃত্যের ভঙ্গি ।  
যখন আর একটু জানলাম, তখন তার মন ।  
সেই থেকে মনে হয় জন্মজন্মান্তরের চেনা ।

কাজের ফাকে, প্রাত ভ্রমণে,  
বিশ্রামে-নিদ্রায়, সংগীত সাধনে -  
শুধু তারই কথা মনে হয়, তারই মুখ মনে পরে ।

যখন কাছে যাই,  
মনে হয় বুক ফাটিয়ে চাঁচিয়ে বলি আসল মনের কথা !  
কে যেন গলা চেপে ধরে,  
মনে করিয়ে দেয় চরম বাস্তবতা !  
আমি শুধু হেসে বলি - ভালো আছো ?